অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

বিংহ্যামটনে গভর্নর হোকলের 8.4 মিলিয়ন ডলারের সাশ্রয়ী আবাসন নির্মাণের ঘোষণা

23টি জ্বালানি-দক্ষতাসম্পন্ন সাশ্রয়ী আবাসনের মধ্য দিয়ে এই পুনরুজ্জীবিতকরণ প্রকল্প সিটির নর্থ অব মেইন এলাকায় স্টেটের বিনিয়োগ অব্যাহত রাখছে

এই বিনিয়োগ "সাদার্ন টিয়ার সোয়ারিং" ("Southern Tier Soaring") এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ বিংহ্যামটনের নর্থ অব মেইন এলাকায় 8.4 মিলিয়ন ডলারের একটি সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্প শুরুর ঘোষণা দিয়েছেন। নর্থ অব মেইন পুনরুজ্জীবিতকরণ (North of Main Revitalization) নামে পরিচিতি কয়েকটি স্থানে বিক্ষিপ্ত অবস্থায় থাকা এই প্রকল্প নর্থ অব মেইন স্ট্রিটের সাতটি পৃথক স্থানে 23টি আধুনিক ও জ্বালানি-দক্ষতাসম্পন্ন সাশ্রয়ী আবাসন তৈরি করবে। চারটি অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে শারীরিকভাবে প্রতিবন্ধী ভেটেরানদের অগ্রাধিকার প্রদান করা হবে।

"একটি সমৃদ্ধ এলাকায় সাশ্রয়ী আবাসনের সুবিধা পাওয়ার অধিকার সব নিউ ইয়র্কবাসীর রয়েছে এবং বিংহ্যামটনে আমাদের অব্যাহত বিনিয়োগ একটি অধিকতর নিরাপদ, স্বাস্থ্যকর ও আরো বেশি শক্তিশালী সিটি গড়ে তুলবে," **বলেছেন গভর্নর হোকল।** "নর্থ অব মেইন এলাকায় এসব পুনরুজ্জীবিতকরণ প্রচেষ্টায় জরাজীর্ণ অবকাঠামো ও খালি জায়গাগুলোকে জ্বালানি-দক্ষতাসম্পন্ন ভবনে আধুনিক, নিরাপদ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ আবাসন দিয়ে প্রতিস্থাপন করা হবে। আমাদের স্থানীয় অংশীদারদের সাথে একসঙ্গে কাজ করার মাধ্যমে আমাদের কমিউনিটিগুলোকে গোড়া থেকে শক্তিশালী ও পুনর্নির্মাণ করতে পারবে এমন প্রকল্পগুলোতে আমরা তহবিল প্রদান করা অব্যাহত রাখতে পারবো।"

নর্থ অব মেইন-এর পুনরুজ্জীবিতকরণ আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। এই বছর, রাজ্য 100,000টি সাশ্রয়ী মূল্যের এবং 6,000টি সহায়তা পরিষেবাগুলি সহ বাড়ি তৈরি এবং সংরক্ষণের তার বর্তমান আবাসনের পরিকল্পনার লক্ষ্যে পৌঁছানোর জন্য প্রস্তুত। এই সফল প্রচেষ্টার সঙ্গে সংযোজনের জন্য গভর্নর হোকল 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনা প্রস্তাব করেছেন যা সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি সহ নিউ ইয়র্ক ব্যাপী শহুরে ও গ্রামীণ এলাকাগুলোতে আরো 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি ও সংরক্ষণ করবে।

19 শতকের শেষ দিকে ও 20 শতকের শুরুর দিকে নির্মিত বিদ্যমান ছয়টি ভবনে উল্লেখযোগ্য সংস্কারকাজ সম্পন্ন করা হবে এবং 95 ওয়ালনাট স্ট্রিটের একটি খালি জায়গায় চারটি অ্যাপার্টমেন্টবিশিষ্ট একটি নতুন ভবন নির্মাণ করা হবে। সাতটি সাইট একে অপরের চার-ব্লক দূরত্বের মধ্যে অবস্থিত।

23টি অ্যাপার্টমেন্টের সবগুলোই এলাকার মধ্যমান আয়ের 60 শতাংশ বা তার কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে। চারটি অ্যাপার্টমেন্ট শারীরিকভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের সুযোগ-সুবিধা প্রদানের জন্য নকশা করা হবে যারা সাদার্ন টিয়ার ইন্ডিপেন্ডেন্স সেন্টার (Southern Tier Independence Center) কর্তৃক সরবরাহকৃত পরিষেবাগুলোর অ্যাক্সেসও লাভ করবেন। এসব আবাসনের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীতে দায়িত্ব পালন করেছেন এমন ব্যক্তিদের অগ্রাধিকার প্রদান করা হবে।

প্রতিটি ভবন সবুজ নকশার মানদণ্ড পূরণ করবে এবং জ্বালানি-দক্ষতাসম্পন্ন বৈশিষ্ট্যসমূহ যেমন এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, এনার্জি স্টার লাইটিং ও লো-VOC নির্মাণ উপকরণ অন্তর্ভুক্ত থাকবে। হিটিং ও কুলিং এর কার্যকারিতা উন্নত করার জন্য বিদ্যমান ছয়টি ভবনকে আবহাওয়া প্রতিরোধী করা হবে।

নর্থ অব মেইন পুনরুজ্জীবিতকরণ প্রকল্প বিংহ্যামটনের নর্থ অব মেইন এলাকায় স্টেটের অর্থায়নে পরিচালিত দ্বিতীয় পুনঃউন্নয়ন প্রকল্প। 2020 সালে, ক্র্যানডল-নর্থ স্ট্রিট পুনরুজ্জীবিতকরণ (Crandall-North Street Revitalization) প্রকল্প সম্পন্ন করা হয়েছিল যা ক্র্যানডল স্ট্রিট ও নর্থ স্ট্রিটের বিচ্ছিন্ন কয়েকটি স্থানে 37টি সাশ্রয়ী আবাসন ও বাণিজ্যিক স্থান তৈরি করেছিল। উভয় প্রকল্পের ডেভেলপার হলো ফার্স্ট ওয়ার্ড অ্যাকশন কাউন্সিল (First Ward Action Council)।

নর্থ অব মেইন-এ স্টেটের অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল ও স্টেট পর্যায়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা 5.4 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করবে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের তরফ থেকে 2.4 মিলিয়ন ডলারের ভর্তুকি। সেইসাথে, নিউ ইয়র্ক আবহাওয়া প্রতিরোধীকরণ সহায়তা কর্মসূচি (New York Weatherization Assistance Program) এই প্রকল্পের জন্য 76,000 ডলার প্রদান করেছে। নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority) 23,000 ডলার সহায়তা প্রদান করবে। সিটি অব বিংহ্যামটন 355,000 ডলার প্রদান করবে।

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন, "বিংহ্যামটনের নর্থ অব মেইন এলাকা এমন একটি রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে যা এই এলাকার দীর্ঘদিনের বাসিন্দা ও পরবর্তী প্রজন্ম উভয়ের জন্য জীবনযাপনের মান উন্নত করবে। ফার্স্ট ওয়ার্ড অ্যাকশন কাউন্সিলের সাথে অংশীদার হয়ে আমরা এই এলাকার দৈন্যদশায় থাকা ভবনগুলো সংস্কার করছি, খালি জায়গাগুলোতে 23টি নতুন উচ্চ-মানসম্মত আবাসন তৈরি করছি যা আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর জন্য

সাশ্রয়ী আবাসনের সুযোগ-সুবিধার অ্যাক্সেস সম্প্রসারণ করবে, যাদের মধ্যে আমাদের দেশের সেবায় যারা নিয়োজিত ছিলেন সেসব ব্যক্তিরাও অন্তর্ভুক্ত রয়েছেন।"

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "NYSERDA নর্থ অব মেইন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পে সহায়তা প্রদান করতে পেরে আনন্দিত বোধ করছে, যে প্রকল্পটি জ্বালানি দক্ষতার বৈশিষ্ট্য ও উপকরণসমূহ তুলে ধরছে যা বিংহ্যামটনের নিম্ন-আয়ের অধিবাসীদের এবং এই এলাকাকে নিজের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া ভেটেরানদের স্বাচ্ছন্দ্য নিশ্চিত করবে। এই প্রকল্প এবং স্টেটজুড়ে আরো অনেক প্রকল্পের কাজ শুরুর মধ্য দিয়ে আমরা সকল নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আবাসন অ্যাক্সেসযোগ্য ও স্বাস্থ্যকর করে তোলার জন্য গভর্নর হোকলের সুস্পষ্ট অঙ্গীকারবদ্ধতা দেখতে পাচ্ছি।"

ফার্স্ট ওয়ার্ড অ্যাকশন কাউন্সিলের এক্সিকিউটিভ ডিরেক্টর জেরি এম. উইলার্ড বলেন, "NYS হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল, সিটি অব বিংহ্যামটন, ডেভেলপমেন্ট টিমের সদস্য এবং বন্ধু-বান্ধব ও প্রতিবেশীদের অতি গুরুত্বপূর্ণ সহায়তা নিয়ে নর্থ অব মেইন এলাকায় এক একটি ব্লকের পরিত্যক্ত ভবন দূর করে আবাসন পুনর্নির্মাণের নির্মাণকাজ উদযাপন করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত।"

স্টেট সিনেটর ফ্রেড আকশার বলেন, "নিরাপদ, স্থিতিশীল ও সাশ্রয়ী আবাসন আমাদের কমিউনিটির প্রয়োজন থাকা ব্যক্তিদের সফলতার পথে ফিরে আসতে সাহায্য করার ক্ষেত্রে একটি অপরিহার্য পদক্ষেপ। আমাদের ভেটেরানরা এত বেশি ত্যাগ স্বীকার করেছেন, একটি কৃতজ্ঞ কমিউনিটি হিসেবে আমাদের কমপক্ষে তাদের বাড়ি ফিরে আসার পরে তাদের সবচেয়ে মৌলিক চাহিদাগুলো পূরণের ক্ষেত্রে সাহায্য করার উচিত।"

অ্যাসেম্বলিওমেন ডনা লুপার্ডো বলেন, "আমি NYS হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, ফার্স্ট ওয়ার্ড অ্যাকশন কাউন্সিল, এবং সিটি অব বিংহ্যামটনকে নর্থ অব মেইন এলাকার পুনরুজ্জীবিতকরণের জন্য তাদের চলমান প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাতে চাই। সাশ্রয়ী আবাসনের জন্য স্টেট পর্যায়ের একজন সমর্থনদাতা হিসেবে, আমি সিটি অব বিংহ্যামটনের আবাসন চাহিদা পূরণের জন্য এ পর্যায়ের স্টেট ও স্থানীয় বিনিয়োগ দেখতে পেয়ে আনন্দিত বোধ করছি। বেশ কিছু ইউনিটের জন্য প্রতিবন্ধী ভেটেরানদের দিকে নজর দেওয়ার বিষয়টি বিশেষভাবে প্রশংসার দাবিদার।"

কাউন্টি এক্সিকিউটিভ জ্যাসন গার্নার বলেন, "23টি নতুন ইউনিটবিশিষ্ট সাশ্রয়ী আবাসন তৈরি করতে যাওয়া এই প্রকল্প শুরু হতে দেখে আমি আনন্দিত এবং চারটি ইউনিট প্রতিবন্ধী ভেটেরানদের জন্য নির্ধারিত রাখার ব্যাপারটিকে আমি বিশেষভাবে সাধুবাদ জানাই। এই উন্নয়ন প্রকল্প সাশ্রয়ী আবাসনের লভ্যতা বৃদ্ধির জন্য কাউন্টি পর্যায়ে আমাদের করা কাজের পরিপূরক হিসেবে ভূমিকা রাখবে। এই প্রকল্পে তাদের সহায়তার জন্য NYS HCR, ফার্স্ট ওয়ার্ড অ্যাকশন কাউন্সিল, এবং স্টেট ও স্থানীয় সরকারে আমার অংশীদারদের ধন্যবাদ।"

মেয়র জ্যারেড এম. ক্র্যাহাম বলেন, "এই প্রকল্প বিংহ্যামটনের নর্থ অব মেইন এলাকার পুনরুজ্জীবিতকরণকে আরো সামনে এগিয়ে নিচ্ছে এবং সিটিতে সাশ্রয়ী আবাসনের ক্রমবর্ধমান

সংখ্যক ইউনিটের সাথে যোগ হচ্ছে। সাদার্ন টিয়ারের কিছু এলাকায় সাম্প্রতিক বছরগুলোতে NoMa-এর মতো অনেক বেশি বিনিয়োগ বা রূপান্তর দেখা গেছে, যা এলাকাগুলোর পুনরুজ্জীবিতকরণের ক্ষেত্রে স্টেটব্যাপী আদর্শে পরিণত হয়েছে। আমাদের এলাকাগুলোয় বিনিয়োগ করা, পরিত্যক্ত ভবন কমিয়ে আনা এবং বিংহ্যামটনের পরিবারগুলোর জন্য অতি প্রয়োজনীয় মানসম্মত, সাশ্রয়ী আবাসন তৈরি অব্যাহত রাখার জন্য ফার্স্ট ওয়ার্ড অ্যাকশন কাউন্সিল ও নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদার হতে পেরে সিটি গর্বিত বোধ করছে।"

সাউদার্ন টিয়ার সোরিংকে (Southern Tier Soaring) ত্বরান্বিত করা
আজকের ঘোষণার সম্পূরক সাউদার্ন টিয়ার সোরিং এই এলাকায় অনেক অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে নকশাকৃত পরিকল্পনাটি একটি প্রতিভাবান কর্মীদল, ক্রমবর্ধমান ব্যবসা এবং উদ্ভাবন আকর্ষণের দিকে ফোকাস করে। বর্তমানে, অঞ্চলটি আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের (Upstate Revitalization Initiative) মাধ্যমে সাউদার্ন টিয়ার সোরিংকে 500 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ দিয়ে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ বেসরকারি ব্যবসাগুলিকে 2.5 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করতে প্রণোদিত করবে - এবং এই অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী অনুমিত হচ্ছে যে 10,200টি নতুন কর্মসংস্থান হবে। আরো তথ্য এখানে পাবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন